

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা  
[www.doict.gov.bd](http://www.doict.gov.bd)  
(প্রশাসন শাখা)

স্মারক নং-৫৬.০৪.০০০০.০০৩.১৮.০৩২.১৬.১১৬৭


তারিখ: ২৭ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ  
১১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক পরিচালিত সকল কার্যক্রমে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (DoICT) প্রতিষ্ঠালগ্ন (৩১/০৭/২০১৩ খ্রিঃ) হতে দেশের প্রান্তিক পর্যায় পর্যন্ত তথ্যপ্রযুক্তির সর্বোত্তম ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ, প্রযুক্তিগত অবকাঠামো নির্মাণসহ নির্ভরযোগ্য কানেক্টিভিটি প্রতিষ্ঠা ও সমন্বয় সাধনের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আপনার জেলায় আইসিটি অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সরকারের লক্ষ্যমাত্রার উল্লেখযোগ্য বিষয় যেমন- আমার গ্রাম আমার শহর, তারুণ্যের শক্তি, মানসম্মত শিক্ষা, নারীর ক্ষমতায়ন ও অন্যান্য বিষয় নিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নানামুখী কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে কাজ করে যাচ্ছে।

ক্রম	কর্মকর্তার নাম ও পদবী	কার্যালয়	জেলা	অতিরিক্ত দায়িত্ব
১।	জনাব অনিমেশ বিশ্বাস, প্রোগ্রামার	জেলা কার্যালয়, নওগাঁ	নওগাঁ	জেলা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
২।	জনাব মোঃ নাজমুল হক, সহকারী প্রোগ্রামার	উপজেলা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর	চাঁপাইনবাবগঞ্জ	নাটোল
৩।	জনাব মোঃ জাহেদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার	উপজেলা কার্যালয়, গোমস্তাপুর	চাঁপাইনবাবগঞ্জ	
৪।	জনাব আসিফ আহমেদ, সহকারী প্রোগ্রামার	উপজেলা কার্যালয়, শিবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ	ভোলাহাট, গোমস্তাপুর

২। এমতাবস্থায়, উপরোক্ত কর্মকর্তাগণের কর্মস্থলে সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিতকরণ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক নির্দেশিত বিভিন্ন কার্যক্রমসমূহ [(১) ডিজিটাল সরকার (ই-গভর্নেন্স) - ওয়েব পোর্টাল ও ই-নথি বাস্তবায়ন, নাগরিক সেবা অটোমেশনে সহায়তা, আইসিটি সাপোর্ট প্রদান ইত্যাদি (২) ডিজিটাল সক্ষমতা উন্নয়ন (মানব সম্পদ উন্নয়ন) -আইসিটি বিষয়ক প্রশিক্ষণ, ই-নথি প্রশিক্ষণ, ওয়েব পোর্টাল প্রশিক্ষণ, ICT in Education Literacy Training, নারী উদ্যোক্তা উন্নয়ন, সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন ইত্যাদি (৩) অবকাঠামো উন্নয়ন - শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন, বিশেষায়িত ল্যাব স্থাপন, সাধারণ তথ্যপ্রযুক্তি অবকাঠামো স্থাপন, শেষ মাইল পর্যন্ত উচ্চগতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি স্থাপন, ডিজিটাল লিটারেসি সেন্টার স্থাপন, ডিজিটাল ভিলেজ স্থাপন, পয়েন্ট অব ইন্টারকানেক্ট (POI) স্থাপন ইত্যাদি (৪) ইভান্সিভ প্রমোশন -ডিজিটাল বাংলাদেশ দিবস, জাতীয় শিশু-কিশোর প্রোগ্রামিং প্রতিযোগিতা, বিপিও সামিট বাংলাদেশ, বিজনেস প্রোসেস আউটসোর্সিং এর ইয়ুথ এ্যানগেজমেন্ট প্রোগ্রাম, জাতীয় ইন্টারনেট সপ্তাহ, উন্নয়ন মেলা ইত্যাদি] বাস্তবায়ন এবং নিয়মিতভাবে আইসিটি বিষয়ক কমিটির সভা আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(এ. বি. এম. আরশাদ হোসেন)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
ফোনঃ ০২-৮১৮১১০০ (অফিস)

বিতরণঃ

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, আইসিটি বিষয়ক জেলা কমিটি, .....
- ২। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, আইসিটি বিষয়ক উপজেলা কমিটি, .....

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**

- ১। মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), .....
- ৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
- ৬। জনাব .....
- ৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
- ৮। অফিস কপি।